




AC(ICT)  


ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	কবিবর বিন আনোয়ার	মহাপরিচালক (প্রশাসন)	
২	মুখ্য সচিবের একান্ত সচিব	প্রধানমন্ত্রীর কার্যালয়	

স্মারক নং: ০৩.৮০৪.০০৩.০০.০০.০১৭.২০১৫- ৩৩

তারিখ: ১৩ এপ্রিল ২০১৫

বিষয়: ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে উদ্যোক্তাদের দৈনিক আয় ও সেবা প্রদানের তথ্য আপলোড প্রসঙ্গে।

বৃহস্পতি ২০১১ বাস্তবায়নে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌঁছে দেবার লক্ষ্যে সারাদেশের সকল ইউনিয়ন পরিষদে ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়। এ সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে বিভিন্ন ধরনের সরকারি ও বেসরকারি সেবা প্রদানের মাধ্যমে নাগরিকদের জীবনমানে ইতিবাচক পরিবর্তন সাধিত হচ্ছে। এ সকল কেন্দ্রের আয় ও সেবা প্রদানের তথ্য পূর্বে ইউআইএসসি এ্যাক্টিভিটি ম্যানেজমেন্ট সিস্টেমে (ইউএমএস) উদ্যোক্তারা আপলোড করত। পূর্বের সিস্টেমে তথ্য আপলোড, প্রতিবেদন প্রস্তুত ও ড্যাশবোর্ডে তথ্য উপস্থাপনে বিভিন্ন সীমাবদ্ধতা ছিল। এ বিষয়ে বিভিন্ন সময়ে আপনাদের প্রেরণকৃত পরামর্শ ও অনুরোধের প্রেক্ষিতে এই সাইটের দ্বিতীয় ভার্সন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত দ্বিতীয় ভার্সনের নামকরণ করা হয়েছে ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেম (ডিসিএমএস- <http://114.130.54.229/>)। নতুন সিস্টেমে উদ্যোক্তাদের আয় ও সেবা প্রদানের তথ্য আপলোড, প্রতিবেদন প্রস্তুত ও ড্যাশবোর্ডে তথ্য উপস্থাপনের ক্ষেত্রে পূর্বোক্ত ভার্সনের সীমাবদ্ধতাগুলোকে দূর করা হয়েছে এবং নতুন ফিচার যুক্ত করা হয়েছে। ইতোমধ্যে ২০১৪ সালের ১১ নভেম্বর তারিখে অনুষ্ঠিত ডিজিটাল সেন্টার উদ্যোক্তা সম্মেলনের পূর্বে দেশের ৯০% উদ্যোক্তা নতুন ভার্সনে নিবন্ধন সম্পন্ন করেছে। নতুন ভার্সনের আইডি ও পাসওয়ার্ড উদ্যোক্তাদের নিকট প্রেরণ করা হয়েছে। নতুন ভার্সনে উদ্যোক্তাদের আয় ও সেবা প্রদান সম্পর্কিত তথ্য নিয়মিত আপলোড করার বিষয়ে নির্দেশনা প্রদান করা দরকার।

২। এমতাবস্থায়, আপনার জেলার সকল ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে দৈনিক আয় ও সেবা প্রদানের তথ্য আপলোড করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(কবিবর বিন আনোয়ার)  
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও  
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।

বিতরণ: (কার্যার্থে)

জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

- ১। কমিশনার, সকল বিভাগ।
- ২। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।  
(আইসিটি শাখা)  
[www.sylhet.gov.bd](http://www.sylhet.gov.bd)

স্মারক নং-০৫.৬০.৯১০০.০২৪.০৩.০০১.১৪.১২৬

তারিখ: ০৬ বৈশাখ ১৪২২  
০৬ এপ্রিল ২০১৫

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল), সিলেট।

  
(মিরাজুল ইসলাম উকিল)  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
সিলেট।  
ফোন- ০৮২১-৭২২৭১৬  
ই-মেইল- [adci2sylhet@yahoo.com](mailto:adci2sylhet@yahoo.com)